নারী সেল ও মহিলা ফোরামের মানববন্ধন অনুষ্ঠিত

নারী ও শিশু নির্যাতন বন্ধে ট্রাইব্যুনাল গঠন করে দায়ীদের দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের দাবি

সারাদেশে অব্যাহত নারী নির্যাতনের প্রতিবাদে ৪ আগস্ট জাতীয় প্রেসক্লাবের সামনে
সিপিবি (নারী সেল) এবং সমাজতান্ত্রিক মহিলা ফোরামের মানববন্ধন

সারাদেশে অব্যাহতভাবে নারী নির্যাতন রোধ এবং জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে ৪ আগস্ট জাতীয় প্রেসক্লাবের সামনে বাংলাদেশের কমিউনিস্ট পার্টি (নারী সেল) এবং সমাজতান্ত্রিক মহিলা ফোরামের উদ্যোগে মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে সভাপতিত্ব করেন নারী সেলের আহ্বায়ক লক্ষী চক্রবর্তী, সঞ্চালনা করেন সমাজতান্ত্রিক মহিলা ফোরামের সাধারণ সম্পাদক শম্পা বসু।

মানববন্ধনে বক্তব্য রাখেন, সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের কেন্দ্রীয় নেতা মুক্তা বাড়ৈ, কৃষক নেতা লাকী আক্তার, মহিলা ফোরামের উপদেষ্টা সামছুন্নাহার জ্যোৎস্না, সিপিবি'র কেন্দ্রীয় নেতা মাকসুদা আক্তার লাইলী, সম্পাদক জলি তালুকদার, সংহতি জানিয়ে বক্তব্য রাখেন বিপ্লবী ওয়ার্কার্স পার্টির কেন্দ্রীয় নেতা বহ্নিশিখা জামালী।

ধর্ষক তুফানসহ দায়ীদের দৃষ্টান্তমূলক শাস্তি চাই

ধর্ষক তুফানসহ দায়ীদের শাস্তির দাবিতে ১ আগস্ট সিপিবি-বাসদ ও গণতান্ত্রিক বাম মোর্চা বগুড়া জেলার উদ্যোগে সমাবেশ

১ আগস্ট '১৭ বেলা ১১:০০টায় সিপিবি-বাসদ ও গণতান্ত্রিক বাম মোর্চা বগুড়া জেলার উদ্যোগে ধর্ষক তুফানসহ সকল আসামীর দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করা, তদন্ত ও বিচার প্রক্রিয়া তরান্বিত করার দাবিতে শহরের সাতমাথায় মানববন্ধন–সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে সভাপতিত্ব করেন বাসদ জেলা আহ্বায়ক অ্যাডভোকেট সাইফুল ইসলাম পল্টু। তিনি বলেন, তুফান সরকার শুধুমাত্র একজন ব্যক্তি হিসেবে এই অপরাধ ঘটায়নি, এর সাথে যুক্ত ক্ষমতাসীন দলের প্রশ্রয়। শুধুমাত্র তুফান সরকারের বিচার নয় তার সকল সহযোগী এবং যারা তাদেরকে রাজনৈতিক ছত্রছায়ায় লালন-পালন করেছেন তাদেরও বিচারের আওতায় আনতে হবে।

সমাবেশে বক্তব্য রাখেন, সিপিবি জেলা সাধারণ সম্পাদক আমিনুল ফরিদ, বাসদ (মার্কসবাদী) জেলা সমন্বয়ক সামছুল আলম দুলু, গণসংহতি আন্দোলন জেলা সমন্বয়ক আব্দুর রশিদ, বাসদ জেলা সদস্য সচিব সাইফুজ্জামান টুটুল, টিইউসি নেতা হাসান আলী শেখ, উদীচী নেতা মাহমুদুস সোবহান মিন্নু, সমাজতান্ত্রিক মহিলা ফোরামের আহ্বায়ক দিলরুবা নূরী, যুব ইউনিয়ন নেতা শাহনেওয়াজ খান পাপ্পু, শ্রমিক কর্মচারী শ্রমিক নেতা আব্দুল হাই, ছাত্র ইউনিয়ন নেতা নাদিম মাহমুদ, সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট জেলা সভাপতি রাধা রানী বর্মন, নারীমুক্তি কেন্দ্র জেলা সদস্য বনানী রায় ববি, আনন্দ কুমার, মোস্তাফিজুর রহমান ফিজু, অ্যাড. লুৎফর রহমান, প্রবীন রাজনীতিবিদ মাহফুজুল হক দুলু, কবি সিকতা কাজল। সমাবেশ পরিচালনা করেন বাসদ (মার্কসবাদী) নেতা আমিনুল ইসলাম।

সমাবেশে বক্তারা বলেন, তুফান সরকার, কাউন্সিলর রুমকীসহ তাদের সহযোগীরা সোনালীকে ধর্ষণ, ধর্ষণের ঘটনা প্রকাশ না করতে চাপ প্রয়োগ এবং পরবর্তীতে ভিকটিম ও তার মাকে নির্যাতন ও মাথা মুড়িয়ে দেয়ার ঘটনা শুধু ন্যাক্কারজনক নয় মধ্যযুগীয় বর্বরতাকেও ছাড়িয়ে গেছে। এই বর্বর সন্ত্রাসীদের দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করার জন্য দ্রুত তদন্ত ও বিচার প্রক্রিয়া শুরু করতে হবে। এই অপরাধীরা নানা অপরাধের সাথে যুক্ত, তারা যেন কোনভাবেই ছাড় না পায়। ধর্ষককে সংগঠন থেকে বহিষ্কার করাই যথেষ্ট নয় । সেইসাথে কাউন্সিলর রুমকীকে তার পদ থেকে বহিষ্কার করতে হবে।। এই মানববন্ধনে বগুড়ার বিপুল সংখ্যক জনগণ অংশগ্রহণ করে। জনগণের এই অংশগ্রহণ বলে দেয় বগুড়ার মানুষ এই অন্যায়কারীদের বিচার চায়।

কুড়িগ্রাম জেলা প্রশাসক বরাবর স্মারকলিপি

রৌমারী ও রাজিবপুরকে নদী ভাঙন থেকে রক্ষায় দাবি

রৌমারী ও রাজিবপুর উপজেলাকে নদী ভাঙ্গনের কবল থেকে রক্ষার দাবিতে বাসদ এর উদ্যোগে ১০ আগস্ট জেলা প্রশাসকের নিকট স্মারকলিপি পেশ

বাংলাদেশের সমাজতান্ত্রিক দল-বাসদ রৌমারী ও রাজিবপুর উপজেলা শাখার আয়োজনে কুড়িগ্রামের রৌমারী ও রাজিবপুর উপজেলাকে নদী ভাঙ্গনের কবল থেকে রক্ষা করা ও ব্রহ্মপুত্র নদ ড্রেজিং করে ড্রেজিং-এর মাটি নদের পূর্বতীরে ফেলে রৌমারী উপজেলার ডিগ্রির চর থেকে রাজিবপুর উপজেলার মোহনগঞ্জ পর্যন্ত উঁচু টেকসই বাঁধ নির্মাণ করার দাবিতে রৌমারী ও রাজিবপুরের সর্বস্তরের জনগণ ১০ আগস্ট '১৭ বিকেল ৪ টায় কুড়িগ্রাম জেলা প্রশাসক বরাবর স্মারকলিপি পেশ করেন ।

উপরোক্ত দাবিতে রৌমারী–রাজিবপুরের দুই সহস্রাধিক বিভিন্ন বয়সী মানুষ ঝড়-বৃষ্টি ও প্রতিকূল আবহাওয়ায় দীর্ঘ নদীপথ পাড়ি দিয়ে কুড়িগ্রাম শহরে উপস্থিত হয়ে মিছিল সহকারে জেলা প্রশাসকের কার্যালয়ে সমবেত হন। জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন রৌমারী উপজেলা বাসদ নেতা অ্যাডভোকেট আবুল বাশার মনজু ও বাসদ নেতা রৌমারীর সাবেক উপজেলা ভারপ্রাপ্ত চেয়ারম্যান শেখ আব্দুল খালেক ।

জেলা প্রশাসকের নিকট স্মারকলিপি পেশ

ডিএনডির জলাবদ্ধতা দ্রুত ও স্থায়ীভাবে নিরসনের দাবি

১৭ জুলাই ডিএনডি'র জলাবদ্ধতা নিরসনের দাবিতে বাসদ-সিপিবি'র ডিসি কার্যালয় অবিমুখে মিছিল

ডিএনডির জলাবদ্ধতা দ্রুত ও স্থায়ীভাবে নিরসনে, খাল-জলাশয় দখলমুক্ত করা, পাম্প মেরামত, পর্যাপ্ত পাম্পের ব্যবস্থা করে পানি নিষ্কাশন, পরিকল্পিত ড্রেন নির্মাণ ও রাস্তাঘাট সংস্কার এবং একনেকে পাশ হওয়া প্রকল্প দ্রুত বাস্তবায়নের দাবিতে বাংলাদেশের কমিউনিস্ট পার্টি (সিপিবি) ও বাংলাদেশের সমাজতান্ত্রিক দল-বাসদ নারায়ণগঞ্জ জেলার উদ্যোগে ১৭ জুলাই '১৭ নারায়ণগঞ্জ কেন্দ্রীয় শহিদ মিনারে সমাবেশ শেষে জেলা প্রশাসকের কার্যালয় অভিমুখে মিছিল ও জেলা প্রশাসকের নিকট স্মারকলিপি প্রদান করা হয়। স্মারকলিপি প্রদানের পূর্বে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়। কর্মসূচিতে জালকুড়ি, কোতালেরবাগ, দক্ষিণ সস্তাপুর, বুড়িরদোকান, ইসদাইর, গাবতলী, সেয়াচর, রসুলপুরসহ বিভিন্ন এলাকা থেকে ভুক্তভোগী মানুষ অংশ নেয়।

সমাবেশ দুটিতে সভাপতিত্ব করেন সিপিবি নারায়ণগঞ্জ জেলার সভাপতি হাফিজুল ইসলাম। বক্তব্য রাখেন বাসদ নারায়ণগঞ্জ জেলার সমন্বয়ক নিখিল দাস, সিপিবি সাধারণ সম্পাদক শিবনাথ চক্রবর্তী, বাসদ নেতা আবু নাঈম খান বিপ্লব, সিপিবি নেতা বিমল কান্তি দাস, ইকবাল হোসেন, বাসদ নেতা সেলিম মাহমুদ ও এস এম কাদির। সংহতি জানিয়ে বক্তব্য রাখেন নারায়ণগঞ্জ প্রেসক্লাবের সভাপতি মাহবুবুর রহমান মাসুম, বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির নেতা হিমাংশু সাহা, ন্যাপ নারায়ণগঞ্জ জেলার সাধারণ সম্পাদক আওলাদ হোসেন, গণসংহতি আন্দোলনের নারায়ণগঞ্জ জেলার সমন্বয়ক তরিকুল সুজন।

নেতৃবৃন্দ বলেন, ডিএনডি বাঁধ এলাকায় বসবাসকারী মানুষকে প্রতি বছর বর্ষা মৌসুমে জলাবদ্ধতার দুর্ভোগ পোহাতে হয়। ওই এলাকায় ঢাকা সিটি করপোরেশন (দক্ষিণ), নারায়ণগঞ্জ সিটি করপোরেশনের অংশ, একাধিক ইউনিয়ন পরিষদ রয়েছে। এখানে বর্তমানে ২০ লাখের অধিক মানুষের বাস। এখানে রয়েছে রপ্তানিমুখী গার্মেন্টসসহ বহু শিল্প প্রতিষ্ঠান, ব্যবসা-বাণিজ্য; অনেক স্কুল-কলেজসহ নানা স্থাপনা। বাঁধের অভ্যন্তরে বিভিন্ন জায়গায় ৩/৪ ফুট পর্যন্ত জলাবদ্ধতা থাকায় কারখানায় উৎপাদন ব্যহত হচ্ছে, ছাত্র-ছাত্রীদের লেখাপড়া বিঘ্নিত হচ্ছে, রাস্তা-ঘাট ডুবে থাকায় জনসাধারণের চলাচলে মারাত্মক সংকট হচ্ছে। জলাবদ্ধতার কারণে নানা রোগের প্রাদুর্ভাব ঘটছে, জনস্বাস্থ্য ঝুঁকির মুখে পড়েছে, এক কথায় জনজীবন হয়ে পড়ছে বিপর্যস্ত।

নেতৃবৃন্দ বলেন, ইরি ধান চাষের জন্য ৮ হাজার ৩৪০ হেক্টর জমি নিয়ে স্বাধীনতার পূর্বে ডিএনডি বাঁধ নির্মাণ করা হয়। ৩২.৮ কিলোমিটার বাঁধের অভ্যন্তরে ৫৬ বর্গকিলোমিটার এলাকা বর্তমানে ২০ লাখের অধিক মানুষের আবাসিক ও শিল্প এলাকায় পরিণত হয়েছে। যখন সেচ প্রকল্প সক্রিয় ছিল, তখন পানি প্রবাহের জন্য কংস নদ, নলখালী খালের মতো ৯টি জলাশয় ও ৯টি শাখা খাল ছিল; এছাড়াও ২১০টি আউটলেট, ১০টি নিষ্কাশন খাল ছিল। ছোট-বড় ১৮৬ কিলোমিটার খাল এঁকেবেঁকে অবস্থান করত। প্রশাসনের নজরদারী না থাকায় অথবা যোগ সাজসে কায়েমি স্বার্থবাদী মহল কর্তৃক খাল দখল-ভরাট করে স্থাপনা নির্মিত হওয়ায় পানি প্রবাহের মাধ্যমগুলো বিলুপ্ত হয়েছে। ফলে অল্প বৃষ্টিতে ডুবে যায় ঘর-বাড়ি, রাস্তা-ঘাট। বেশি বৃষ্টিতে তৈরি হয় কৃত্রিম বন্যা ।

নেতৃবৃন্দ বলেন, ডিএনডি বাঁধ এলাকার পানি নিষ্কাশনের জন্য সিদ্ধিরগঞ্জের শিমরাইলে ৫১ বছর আগে স্থাপিত পুরনো পাম্প হাউজ আছে। ৪টি মোটরে পানি নিষ্কাশন ক্ষমতা ছিল ৫১২ কিউসেক। বর্তমানে একটি মোটর নষ্ট। বাকিগুলো পুরনো হওয়ার কারণে পানি নিষ্কাশন ক্ষমতা কমে গেছে। সহযোগী ২২টি স্যালো মোটরের ১৭টিই নষ্ট। সংশ্লিষ্ট এলাকার জনপ্রতিনিধি, সরকারি প্রশাসন কেউই এগুলো সচল করার ক্ষেত্রে পদক্ষেপ নিচ্ছেন না। '১৬ সালে ডিএনডি বাঁধ এলাকার উন্নয়ন ও জলাবদ্ধতা সমস্যার স্থায়ী সমাধানে একনেকের বৈঠকে ৫৫৮ কোটি ২০ লাখ টাকার প্রকল্প অনুমোদন হয়। কিন্তু তা বাস্তবায়নের কাজ এখনও শুরুই হয়নি।

সমাবেশে বাম নেতৃবৃন্দ

সরকার দুর্নীতি, লুটপাট, অর্থ পাচারের প্রধান মদতদাতা
রাজনৈতিক ও অর্থনৈতিক মাফিয়ারা দেশ-জনগণকে জিম্মি করে ফেলেছে

ক্ষমতাসীন দলগুলো বাংলাদেশকে লুটপাটের আখড়ায় পরিণত করেছে। একবছর ৭৫ হাজার কোটি টাকা বিদেশে পাচার হয়েছে। ১০ বছরে ৬ লাখ ২০ হাজার কোটি টাকা পাচার হয়েছে। এক লক্ষ কোটি টাকার উপর খেলাপিঋণ রয়েছে বাণিজ্যিক ব্যাংকগুলোর। মহাজোট সরকারের আমলে সোনালী ব্যাংকের হলমার্ক কেলেঙ্কারি, বেসিক ব্যাংক কেলেঙ্কারি, বিসমিল্লাহ গ্রুপ কেলেঙ্কারি, ডেসটিনি-যুবক কেলেঙ্কারি, বিভিন্ন এমএলএম কোম্পানি, শেয়ার বাজার নানা ঘটনায় সাধারণ মানুষের হাজার হাজার কোটি টাকা লুট হয়ে গেছে। আর এসব দুর্নীতি-লুটপাটের প্রধান মদদদাতা ও আশ্রয়দাতা হচ্ছে সরকার।

ঘুষ-দুর্নীতি, লুটপাট, দখলদারিত্ব, অর্থপাচার-ব্যাংক ডাকাতি রুখে দাঁড়ানোর দাবিতে সিপিবি-বাসদ ও গণতান্ত্রিক বাম মোর্চার দেশব্যাপী আহুত বিক্ষোভ-সমাবেশের কেন্দ্রীয় কর্মসূচিতে বামপন্থি নেতৃবৃন্দ উপরোক্ত বক্তব্য রাখেন।

৯ আগস্ট '১৭ জাতীয় প্রেসক্লাবের সামনে আয়োজিত বিক্ষোভ সমাবেশে সভাপতিত্ব করেন বিপ্লবী ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক কমরেড সাইফুল হক। বক্তব্য রাখেন, বাংলাদেশের সমাজতান্ত্রিক দল-বাসদ-এর সাধারণ সম্পাদক কমরেড খালেকুজ্জামান, বাংলাদেশের কমিউনিস্ট পার্টির সাধারণ সম্পাদক কমরেড মো. শাহ আলম, ইউনাইটেড কমিউনিস্ট লীগের সাধারণ সম্পাদক কমরেড মোশাররফ হোসেন নান্নু, গণতান্ত্রিক বিপ্লবী পার্টির সাধারণ সম্পাদক কমরেড মোশরেফা মিশু, সিপিবি'র সহকারী সাধারণ সম্পাদক কমরেড সাজ্জাদ জহির চন্দন, বাংলাদেশের সমাজতান্ত্রিক দল-বাসদ (মার্কসবাদী)'র কেন্দ্রীয় নেতা মানস নন্দী, গণসংহতি আন্দোলনের ভারপ্রাপ্ত প্রধান সমন্বয়ক আবুল হাসান রুবেল, বাংলাদেশের সমাজতান্ত্রিক আন্দোলনের আহ্বায়ক হামিদুল হক। সভা পরিচালনা করেন বাংলাদেশের সমাজতান্ত্রিক দল-বাসদ এর কেন্দ্রীয় নেতা কমরেড বজলুর রশীদ ফিরোজ।

সমাবেশে নেতৃবৃন্দ আরও বলেন, ফ্লাইওভার, মহাসড়ক, সেতু নির্মাণের মতো মেগা প্রজেক্টে মেগা দুর্নীতির মচ্ছব চলছে। বিএনপি আমলে দেশবাসী 'হাওয়া ভবন' এর লুটপাট দেখেছে এখন চলছে 'খাওয়া বাহিনী'র লুটপাট। গত ৪৬ বছর ধরে যারা ক্ষমতায় আছে তারা তাদের দলীয় নেতা-কর্মী, সমর্থক-স্বজনদের রাষ্ট্রীয় সম্পদ লুটের ব্যবস্থা করে দিয়ে হাজার হাজার লুটেরা ধনিক সৃষ্টি করেছে। ১৯৯৬ ও ২০১০ সালে লুটেরাদের শেয়ার বাজার লুটের সুযোগ করে দিয়ে লক্ষ লক্ষ ক্ষুদ্র বিনিয়োগকারীদের সর্বস্বান্ত করা হয়েছে। লুটের টাকা বিদেশে পাচার হয়ে যাচ্ছে। বাংলাদেশের পাচারের টাকায় বিদেশের ক্যাসিনোতে জুয়া খেলছে লুটেরারা। সুইস ব্যাংকের একাউন্টে ব্যালেন্স বাড়ছে তাদের। বড় লুটেরারা মার্কিন যুক্তরাষ্ট্র, কানাডা, ইউরোপে বাড়ি কিনছে। ছোট লুটেরারা মালয়েশিয়ায় দ্বিতীয় বাড়ি বানাচ্ছে। রাস্তার মাস্তান আর রাষ্ট্রীয় সম্পদ লুটপাটকারীরা এক হয়ে বাংলাদেশের জনগণকে জিম্মি করে ফেলেছে। দুর্নীতি দমন কমিশনকে দুর্নীতি জায়েজ কমিশনে পরিণত করা হয়েছে।

উল্লিখিত দাবিতে সারাদেশে কর্মসূচি পালিত হয়।

পরবর্তী কর্মসূচি :

সমাবেশ থেকে বিচারহীনতার সংস্কৃতি বন্ধ, নারী-শিশু নির্যাতন, খুন-ধর্ষণসহ, সামাজিক বর্বরতা রুখে দাঁড়ানোর দাবিতে সিপিবি-বাসদ ও গণতান্ত্রিক বাম মোর্চার আহ্বানে আগামী ১৯ আগস্ট, সারাদেশে বিক্ষোভ-সমাবেশের কর্মসূচি ঘোষণা করেন।

কেন্দ্রীয় কর্মসূচি: ১৯ আগস্ট, শনিবার, বিকাল সাড়ে ৪টায় জাতীয় প্রেসক্লাবের সামনে বিক্ষোভ-সমাবেশ অনুষ্ঠিত হবে।

গার্মেন্টস শ্রমিক ফ্রন্টের ২৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে

২৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে গার্মেন্টস শ্রমিক ফ্রন্ট নারায়ণগঞ্জ জেলা শাখার উদ্যোগে ২১ জুলাই বিকাল ৫টায় সৈয়দ আলী চেম্বার ব্যাংক চত্বরে শ্রমিক সমাবেশ ও শহরে লাল পতাকা মিছিল অনুষ্ঠিত হয়। গার্মেন্টস শ্রমিক ফ্রন্ট নারায়ণগঞ্জ জেলার সভাপতি সেলিম মাহমুদের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন গার্মেন্টস শ্রমিক ফ্রন্ট কেন্দ্রীয় কমিটির সভাপতি আহসান হাবিব বুলবুল, বাংলাদেশের সমাজতান্ত্রিক দল-বাসদ নারায়ণগঞ্জ জেলার সমন্বয়ক নিখিল দাস, সমাজতান্ত্রিক শ্রমিক ফ্রন্ট নারায়ণগঞ্জ জেলার সভাপতি আবু নাঈম খান বিপ্লব, সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম গোলক, সাইফুল ইসলাম শরীফ, তৌহিদুল ইসলাম সুজন, আশেকে রাসুল শাওন, হাসনাত কবীর, রুহুল আমিন সোহাগ, নূর হোসেন সর্দার, আবু সাঈদ সাইদুর, মো. সোহেল, এস.এম.কাদির।

নেতৃবৃন্দ বলেন, ২৪ বছর আগে গার্মেন্টস শ্রমিক ফ্রন্ট প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে সকল গার্মেন্টস শ্রমিকদের অধিকার প্রতিষ্ঠার আন্দোলনে সামনের কাতারে থেকে আন্দোলন সংগ্রাম করে আসছে। কারখানায় কাজ করা অবস্থায় ভবন ধস, বয়লার বিস্ফোরণ, আগুনে পুড়ে অনেক শ্রমিক নিহত ও আহত হয়েছে। নিহত ও আহত শ্রমিকদের ক্ষতিপূরণের আন্দোলনে গার্মেন্টস শ্রমিক ফ্রন্ট অগ্রণী ভূমিকা পালন করেছে। কর্মক্ষেত্রে নিরাপত্তা, নিরাপদ কর্ম পরিবেশ, শ্রমিক কলোনি, চিকিৎসা, রেশনের আন্দোলনও করে আসছে। নেতৃবৃন্দ গার্মেন্টস শ্রমিকদের ন্যূনতম মজুরি ১৫হাজার টাকা ঘোষণা, নিহত শ্রমিকদের আজীবন আয়ের সমান ৪৮ লক্ষ টাকা ক্ষতিপূরণ ও অবাধ ট্রেড ইউনিয়ন করার অধিকারসহ শ্রম আইনের অগণতান্ত্রিক ধারা বাতিল করে গণতান্ত্রিক আইন চালুর দাবি করেন।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে দিনব্যাপী বিজ্ঞান উৎসব অনুষ্ঠিত

৪ আগস্ট বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে দিনব্যাপী বিজ্ঞান উৎসব অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের শিল্পাচার্য জয়নুল আবেদন মিলনায়তনে যৌথভাবে ওই উৎসবের আয়োজন করে বিজ্ঞান আন্দোলন মঞ্চ বিশ্ববিদ্যালয় ও ময়মনসিংহ শাখা।

বিজ্ঞান আন্দোলন মঞ্চ বিশ্ববিদ্যালয় শাখার সংগঠক শামসুন্নাহার মিতুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ছাত্র বিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. সচ্চিদানন্দ দাস চৌধুরী, বিশেষ অতিথি অধ্যাপক ড. মো. মনিরুজ্জামান উপস্থিত ছিলেন। আলোচনা করেন বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মো. খাইরুল হাসান ভূঞাঁ, কৃষি রসায়ন বিভাগের অধ্যাপক ড. মো. শহীদুল আলম ও বাংলাদেশ অ্যাস্ট্রোনমিক্যাল এসোসিয়েশনের চেয়ারম্যান মাশহুরুল আমিন মিলন। বিজ্ঞান উৎসবের শুরুতেই ময়মনসিংহ শহরের ১৩টি স্কুল-কলেজের শিক্ষার্থীদের নিয়ে একটি বিজ্ঞান প্রতিযোগিতা ও র‌্যালির অনুষ্ঠিত হয়। পরে প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কৃত করা হয়।

ছাত্র ফ্রন্ট ও বিজ্ঞান আন্দোলন মঞ্চের উদ্যোগে রাঙামাটিতে পাহাড়ধসে ক্ষতিগ্রস্ত শিক্ষার্থীদের জন্য ‘শিক্ষা সহায়তা কর্মসূচি’

সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট ও বিজ্ঞান আন্দোলন মঞ্চের উদ্যোগে ২৬ জুলাই ’১৭ প্রায় ৩ শতাধিক স্কুল ছাত্র-ছাত্রীদের স্কুল ব্যাগ, খাতা, কলম, পেন্সিলসহ নানা শিক্ষা উপকরণ প্রদান করা হয়।

এই কমসূচিতে উপস্থিত ছিলেন নাড়াইছড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক সৌমিত চাকমা, স্কুল কমিটি সভাপতি রবিসুন্দর চাকমা, সাপছড়ি স্কুলের সহকারী শিক্ষক কাঞ্চনা চাকমা, স্নিগ্ধা চাকমা, গোনজু চাকমা, ছাত্র ফ্রন্টের কেন্দ্রীয় কমিটির সহসভাপতি আল কাদেরী জয়, চট্টগ্রাম নগর কমিটি সহসভাপতি রায়হান উদ্দিন, বিজ্ঞান আন্দোলন মঞ্চের সংগঠক শান্তি জীবন চাকমা, রণি চাকমাসহ।

হাওরে বন্যায় ক্ষতিগ্রস্ত শিক্ষার্থীদের মাঝে শিক্ষা সহায়তা কর্মসূচি পালন

৬ আগস্ট বিজ্ঞান আন্দোলন মঞ্চের উদ্যোগে কিশোরগঞ্জ মিটামইনে হাওরে বন্যায় ক্ষতিগ্রস্ত শিক্ষার্থীদের মাঝে শিক্ষা সহায়তা কর্মসূচি পালন করা হয়। হাজী তায়েব উদ্দীন উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়ে অনুষ্ঠিত হয় বিজ্ঞানবিষয়ক কুইজ এবং পুরস্কার বিতরণী। বিদ্যালয়ের প্রধান শিক্ষক বাবু সুভাষ চন্দ্র বৈষ্ণব এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন সহপ্রধান শিক্ষক রহিমা বেগম, কিশোয়ার সুলতানা, নুরে আলম, মনোজিত দাস, জুনায়েদুল ইসলাম এবং বিজ্ঞান আন্দোলন মঞ্চের ঢাকা মহানগরের সংগঠক কৃষিবিদ হযরত আলী রাজীব। অনুষ্ঠান পরিচালনা করেন বিদ্যালয়ের সহশিক্ষক জনাব মশিউর রহমান।

উল্লেখ্য, বিজ্ঞান আন্দোলন মঞ্চের পক্ষ থেকে বিভিন্ন জেলায় বিজ্ঞান উৎসব করা হয়, সেখান থেকে প্রাপ্ত উদ্বৃত্ত অর্থ দিয়ে ক্ষতিগ্রস্তদের সহায়তা করা হয়। বিজ্ঞান আন্দোলন মঞ্চ শিক্ষা সহায়তার এই কার্যক্রম অব্যাহত রাখার আশাবাদ ব্যক্ত করেন। আগামীতে চা শ্রমিকদের সন্তানদের মাঝে শিক্ষা সহায়তা দেয়া হবে।

রংপুরে ভিআইপি হাসপাতালে ভুল চিকিৎসায় শিশুর মৃত্যু

দায়ীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি

মহিলা ফোরাম ও ছাত্র ফ্রন্ট

রংপুরে ‘ভিআইপি জেনারেল হাসপাতালে’ শিশু মিত্তার জাহানের ‘আপার অ্যাবডোমিনাল হার্নিয়া’ অপারেশনের সময় চিকিৎসায় অবহেলার কারণে মৃত্যু হয়। এই হত্যাকাণ্ডের প্রতিবাদে ১৪ জুলাই রংপুর প্রেসক্লাবের সামনে মানববন্ধন ও সমাবেশের আয়োজন করে জেলা সমাজতান্ত্রিক মহিলা ফোরাম ও ছাত্র ফ্রন্ট। সমাজতান্ত্রিক মহিলা ফোরামের জেলা সংগঠক গোলাপী বেগমের সভাপতিত্বে এবং ছাত্র ফ্রন্টের জেলা কাউন্সিল প্রস্তুতি কমিটির সদস্যসচিব মৌসুমী আক্তার মৌ-এর পরিচালনায় সমাবেশে বক্তব্য রাখেন বাসদ রংপুর জেলা শাখার সমন্বয়ক কমরেড আব্দুল কুদ্দুস, সমাজতান্ত্রিক ক্ষেতমজুর ও কৃষক ফ্রন্টের জেলা আহ্বায়ক মমিনুল ইসলাম, সমাজতান্ত্রিক শ্রমিক ফ্রন্টের মহানগর আহ্বায়ক মাজেদুল ইসলাম দুলাল, ছাত্র ফ্রন্টের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি যুগেশ ত্রিপুরা, রংপুর জেলা কাউন্সিল প্রস্তুতি কমিটির আহ্বায়ক আশিকুল ইসলাম তুহিন। সংহতি জানিয়ে বক্তব্য রাখেন মহানগর জাসদের সভাপতি গৌতম রায়, জাসদ ছাত্রলীগের মহানগর সভাপতি একেএম আব্দুল মুহিত।

কমরেড কুদ্দুস বলেন, মানুষ যখন রোগযন্ত্রণা নিয়ে জীবন বাঁচানোর তাগিদে চিকিৎসকের শরণাপন্ন হয়, তখন প্রায়ই নানা কারণ দেখিয়ে রোগীদের জিম্মি করে পরীক্ষা-নিরীক্ষার নামে অতিরিক্ত টাকা আদায়, ওষুধ কোম্পানির কাছ থেকে কমিশনের বিনিময়ে অপ্রয়োজনীয়, নিম্নমানের ও ভেজাল ওষুধ ব্যবস্থাপত্রে উল্লেখ করা, চিকিৎসার নামে দালালের মাধ্যমে রোগী সংগ্রহ করে ভুক্তভোগীর পকেট কাটার ব্যবস্থা করা হয়। এছাড়া সরকারি হাসপাতালে অব্যবস্থাপনার ফলে রোগী অনেকটা বাধ্য হয়ে প্রাইভেট ক্লিনিকমুখী হয়।

নেতৃবৃন্দ বলেন, ভুল বা অপচিকিৎসায় অহরহ মানুষ মারা গেলেও দু-একটি ঘটনার প্রতিবাদ হয় কিংবা প্রচারমাধ্যমে খবর পাওয়া যায়। অসংখ্য ঘটনা ধামাচাপা পড়ে যায়। ইতিপূর্বে ঢাকার মিটফোর্ড মার্কেটে কোটি টাকার বেশি মূল্যের সরকারি হাসপাতালের ওষুধ, ভেজাল ও মেয়াদোত্তীর্ণ ওষুধ র‍্যাব জব্দ করে ও সংশ্লিষ্টদের বিরুদ্ধে মামলা দায়ের করে। পরবর্তীতে সারা দেশের ওষুধ ব্যবসায়ী সমিতি ধর্মঘট ডাকলে তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় পদক্ষেপ না নিয়ে সরকার আপস করে। এভাবে সরকারের আশ্রয়-প্রশ্রয়ে বা নীরবতায় লুটেরা ব্যবসায়ী ও কিছু ডাক্তার সেবার নামে অপচিকিৎসা চালাচ্ছে। আর এর ফল ভোগ করতে হচ্ছে সাধারণ জনগণকে।

নেতৃবৃন্দ রংপুরে ভিআইপি জেনারেল হাসপাতালে চিকিৎসকের অবহেলা ও অপচিকিৎসার ফলে শিশু-মৃত্যুর জন্য দায়ী ডাক্তার, মালিকসহ সংশ্লিষ্ট সকলের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান। এছাড়া নেতৃবৃন্দ দালালের মাধ্যমে রোগী সংগ্রহকারী ডাক্তার ও ক্লিনিকের মালিকদের চিহ্নিত করে তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা এবং অনুমোদনহীন ক্লিনিক সিলগালা করে দেওয়ার দাবি জানান।

ছাত্র ফ্রন্টের উদ্যোগে নবীনবরণ অনুষ্ঠিত

৩১ জুলাই ’১৭ সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট মৌলভীবাজার সরকারি কলেজ শাখার উদ্যোগে কলেজ অডিটোরিয়ামে একাদশ শ্রেণির শিক্ষার্থীদের উদ্দেশ্যে নবীনবরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। ছাত্র ফ্রন্ট মৌলভীবাজার সরকারি কলেজ শাখার সভাপতি রেহনোমা রুবাইয়াৎ এর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক বিশ্বজিৎ নন্দী’র পরিচালনায় আলোচনা সভায় বক্তব্য রাখেন বাসদ মৌলভীবাজার জেলা শাখার আহবায়ক অ্যাডভোকেট মঈনুর রহমান মগনু, ছাত্র ফ্রন্ট কেন্দ্রীয় কমিটির সভাপতি ইমরান হাবিব রুমন, জেলা সভাপতি মিটন দেবনাথ, মারুফ হোসেন, স্বর্নালী দাশ টুম্পা, আব্দুর রাকিব রিফাত, হায়দার হোসেন, সানজিদা আহমেদ সাদিয়া, রায়হান আহমেদ প্রমুখ।

সভা শেষে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

চিকুনগুনিয়া প্রতিরোধে কার্যকর উদ্যোগ গ্রহণ

জলাবদ্ধতা নিরসন, ভাঙা রাস্তা মেরামত–নালা-নর্দমা খননের দাবি

বাসদ মোহাম্মদপুর থানা শাখা

চিকনগুনিয়ার হাত থেকে নগরবাসিকে রক্ষায় কার্যকর উদ্যোগ–জলাবদ্ধতা নিরসন, ভাঙা রাস্তা মেরামত নালা-নর্দমা খননের দাবিতে বাসদ মোহম্মদপুর-আদাবর থানা শাখার উদ্যোগে ২২ জুলাই টাউন হলের সামনে সমাবেশ এবং লালবাগ থানা শাখার উদ্যোগে ২৪ জুলাই আজিমপুর সুপার মার্কেটের সামনে সমাবেশ অনুষ্ঠিত হয়।

মোহম্মদপুর-আদাবর শাখা আয়োজিত সমাবেশে বক্তব্য রাখেন বাসদ ঢাকা মহানগর নেতা খালেকুজ্জামান লিপন, থানা শাখার ফারুখ হোসেন, বাচ্চু হাওলাদর, বাবু হাসান, শাহিদা বেগম, মহিলা ফোরাম নেত্রী সামছুন্নাহার জোৎস্না, ছাত্র নেতা বাসুদেব মজুমদার। লালবাগ থানা শাখা আয়োজিত সমাবেশে বক্তব্য রাখেন আহ্বায়ক খালেকুজ্জামান লিপন, নাসিরউদ্দিন প্রিন্স, মানিক চন্দ্র সূত্রধর, রোখশানা আফরোজ আশা, মুক্তা বাড়ৈ, নবীনা আক্তার, আল আমিন মৃধা।